

আজু হাম কি পেখলুঁ নবদ্বীপচন্দ ।
করতলে করই বয়ন অবলম্ব ॥
পুন পুন গতাগতি করু ঘর পন্থ ।
খেনে খেনে ফুলবনে চলই একান্ত ॥
ছল ছল নয়ন-কমল—সুবিলাস ।
নব নব ভাব করত পরকাশ ॥
পুলক-মুকুলবর ভরু সব দেহ ।
রাধামোহন কছু না পাওল থেহ ॥

গ : আজু হাম—আজ আমি। কি পেখলুঁ—কি দেখলাম।

১২ * বেঙ্গলী পদাবলী

নবদ্বীপের চাঁদ অর্থাৎ গৌরাজাদেব। করতলে.....অবলম্ব—হাতের উপর
হস্ত রেখে বা গালে হাত দিয়ে। পুনপুন—বারবার। গতাগতি—যাতায়াত।
করু—করেছেন। ঘর পন্থ—ঘর এবং পথ। গৌরাজাদেব কোন মানসিক ব্যাকুলতায়
বারবার ঘর-বার করছেন। খেনে খেনে—ক্ষণে ক্ষণে। চলই—চলে যাচ্ছেন। ছল ছল
নরন-করন—চোখ দুটি ছলছল করছে। সুবিলাস—প্রতি মুহূর্তে বর্ধিত কাম্বি বা শোভা।
প্রতিভাবের অনুযজ্ঞ হিসাবেও সুবিলাস শব্দটির অর্থ করা যায়। আবার নাট্যশাস্ত্রে
বিলাস কলা সঙ্গমার্থেও ব্যবহৃত। নব নব ...পরকাশ—নতুন নতুন ভাবের প্রকাশ
করেন। পুলক-মুকুলবর—পুলকজাত রোমাঞ্চ। ভরু—ভরে আছে। না পাওল—পেলেন
না। পেহ—থই, তল।